



19

**ডাকসু নির্বাচনঃ**  
**মনোনয়ন পত্র**

**বাছাই সম্পন্ন**

(স্টাফ রিপোর্টার)

আসন্ন ডাকসু নির্বাচনের জন্যে পেশ করা মনোনয়নপত্র বাছাইয়ের পর প্রার্থীদের প্রাথমিক তালিকা গতকাল শুক্রবার প্রকাশ করা হয়েছে। (৩-এর পৃঃ দ্রঃ)

**ডাকসু নির্বাচন**

(১ম পৃঃ পর)

হয়েছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ডাকসুর ২০টি পদের জন্য মোট ২৬৬টি মনোনয়নপত্র জমা পড়ে। বাছাইয়ের সময় পাঁচটি মনোনয়নপত্র বাতিল হয়ে যায়। কিছ, জটিলতার কারণে ২৮টি বিবেচনাধীন আছে। বাছাইয়ের পর ২৩৩টি মনোনয়নপত্র চূড়ান্তভাবে টিকেছে।

প্রকাশিত প্রাথমিক তালিকা অনুযায়ী ভিপি পদে ১৬ জন, জিএস পদে ২০ জন, এজিএস পদে ১৫ জন, ৮টি সম্পাদকীয় পদে ১০৬ জন এবং ৯টি সদস্যপদে ৭৬ জন প্রার্থী হয়েছেন।

বাছাইয়ের পর ডাকসুর সহ-সভাপতি পদে যাদের মনোনয়নপত্র টিকেছে: সুলতান মোহাম্মদ মনসুর আহমদ, শামসুজ্জামান দাদু, আখতার সোবহান মাসরুর, আনিস শামসুল ইসলাম, এ এন এম আবেদ, খন্দকার মুসলেহ উদ্দিন আহমদ, আবু বকর সিদ্দিক, আশরাফুল হক মকুল, কামাল উদ্দিন, জালাল আহমদ খান, মিজানুর রহমান মিয়া, আবুল কাসেম আবু, ফয়জুল হাকিম, শাহ-ই-আযম, শেখ মোস্তফা ফারুক ও সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের।

সাধারণ সম্পাদক পদে যাদের মনোনয়নপত্র টিকেছে: মশতাক হোসেন, আসাদুজ্জামান রিপন, বজলুর রশীদ ফিরোজ, আবুল বাসার লস্কর, আবুল কাসেম, গালাম মোহাম্মদ মঈনউদ্দিন, মঈনউদ্দিন আহমেদ, কবিরুল আরিফ মাহমুদ, আজম খান মজলিশ, আজহারুল ইসলাম, আবদুল হামিদ সরকার, আমানউজ্জাহ আমান, আমিনুল ইসলাম মকুল, গালাম ফারুক, জসিমউদ্দিন, মোশাররফ হোসেন, শাফিকুল ইসলাম সিদ্দিকী, শেখ আনসার আলী ও সিরাজুল মনীর।

ডাকসুতে যে পাঁচজনের মনোনয়নপত্র বাতিল হয়েছে তাদের মধ্যে ভিপি পদে বাংলাদেশ বিপ্লবী ছাত্র মৈত্রীর সভাপতি জহিরউদ্দিন স্বপনও রয়েছেন।

এদিকে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ নেতৃবৃন্দ গতকাল রাতে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট কার্যালয়ে এক বৈঠকে বসেন। ডাকসু নির্বাচনে পদ বর্জন নিয়ে পরিষদভুক্ত কয়েকটি সংগঠনের মধ্যে সূচী মত পাঠকা দূর করার লক্ষ্যেই এ বৈঠক ডাকা হয়েছে। রাত সাড়ে দশটার এ রিপোর্ট লেখা পর্যন্ত সভা চলছিল।